

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

( সাম্মানিক )

( ষষ্ঠ ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGH-603

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাঠ্যক্রম সংখ্যা পূর্ণমান নির্দেশক

ছাত্র-ছাত্রীদের BNGH-603 (A) অথবা BNGH-603 (B)-এর

প্রশ্নের উত্তর দিতে হবে

OPTION—A

পাঠক্রম নং : BNGH-603 (A)

( সংস্কৃত সাহিত্য পরিচয় )

- ১। (ক) কোন্ মহাকাব্যকে ‘পঞ্চমবেদ’ নামে আখ্যায়িত করা হয় ?  
এর পর্বসংখ্যা কত? গ্রন্থটির নীতি-ইতিহাস এবং  
কাব্যসৌন্দর্যের মূল্যায়ন করো।  $১+১+১২=১৪$

অথবা

- (খ) ভাস্কৃত একটি নাটকের নাম লেখো। এই নাট্যকারের  
নাটকের প্রকাশক কে? ভাস্কের নাট্যশৈলী সম্বন্ধে  
আলোচনা করো।  $১+১+১২=১৪$

- ২। (ক) ‘কিরাতাজুনীয়ম’ কার রচনা? এই কাব্যের প্রধান রস  
কী? কবি ও কাব্যের মূল্যায়ন করো।  $১+১+১২=১৪$

অথবা

- (খ) সংস্কৃত খণ্ডকাব্য বা গীতিকাব্যধারার দুজন কবির নাম  
লেখো। তাঁদের যে কোনো একজনের কোনো একটি  
কাব্যের বিষয়ে আলোচনা করো।  $২+১২=১৪$

- ৩। (ক) কথা ও আখ্যায়িকামূলক দুটি গদ্যগ্রন্থের নাম লেখো। যে  
কোনো একটি গ্রন্থ বিষয়ে সবিশেষ উপস্থাপন করো।  $২+১২=১৪$

অথবা

- (খ) সংস্কৃত কাব্যসাহিত্যের তিনটি বিভাগ কী কী? যে  
কোনো একটি বিভাগ সম্পর্কে তোমার অভিমত বিশদ  
করো।  $৩+১১=১৪$

- ৪। টীকা প্রস্তুত করো (যে কোনো দুটি) :  $৪ \times ২ = ৮$   
জয়দেব ; ‘দশকুমারচরিত’ ; কালিদাস ; ‘রামায়ণ’।

( 3 )

OPTION—B

পাঠক্রম নং : BNGH-603 (B)

( লোকসাহিত্য )

- ১। (ক) ‘বাংলার লোকসাহিত্য চর্চার ইতিহাস’ গ্রন্থটির লেখক কে? ‘Folklore’ কথাটি কে প্রথম উদ্ভাবন করেন? ‘লোকসাহিত্য’ বলতে কী বোঝ? লোকসাহিত্যের বিভিন্ন শাখা সম্পর্কে একটি নাতীর্ঘ্য প্রতিবেদন প্রস্তুত করো।

১+১+২+১০=১৪

অথবা

- (খ) সংস্কৃতে ধাঁধাকে কী বলা হয়? ধাঁধার সংজ্ঞা উল্লেখ করো। বাংলা লোকসাহিত্যে ধাঁধাচর্চার ইতিহাস নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

১+২+১১=১৪

- ২। (ক) গীতিকা ও ব্যালাডের সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলোর উল্লেখ করো। ‘মলুয়া’ অথবা ‘দেওয়ানা-মদিনা’ পালার উৎকর্ষ বিচার করো।

৪+১০=১৪

অথবা

- (খ) ‘ময়মনসিংহ গীতিকা’ প্রথম কত সালে প্রকাশিত হয়? ‘চন্দ্রাবতী’ পালার রচয়িতা কে? ‘ময়মনসিংহ গীতিকা’র একজন সংগ্রাহকের নাম লেখো। ‘চন্দ্রাবতী’ পালার ঐতিহাসিকতা বিষয়ে আলোচনা করো।

১+১+১+১১=১৪

- ৩। (ক) ‘মহাবিদ্রোহের দ্রোহগাথা : জঙ্গিয়ার গীত’ গ্রন্থটির লেখক কে? বরাক উপত্যকায় প্রবাদকে কী বলা হয়? বরাক উপত্যকায় প্রবাদচর্চার ইতিহাস সম্পর্কে আলোচনা করো।

১+১+১২=১৪

J9/1493

( Turn Over )

( 4 )

অথবা

- (খ) ঘুমপাড়ানি ছড়ার বিশেষত্ব কী? বাংলা সাহিত্যে ছড়া-চর্চার ইতিহাসে রবীন্দ্রনাথের অবদান সম্পর্কে আলোচনা করো।

২+১২=১৪

- ৪। টীকা লেখো (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) সূর্যব্রত

(খ) আশুতোষ ভট্টাচার্য

(গ) ডাক ও খনার বচন

(ঘ) বারোমাসি গান

(ঙ) ওঝা নৃত্য

\*\*\*

J9—850/1493

2019/EVEN/BNGH-603(A/B)/115